

## মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ১০৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩২]

৩. কিতাবুল ইলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি লজ্জাবোধ করবে সে অন্যকে প্রশ্ন করতে বলবে

بَابُ مَنْ اسْتَحْيَا فَأَمَرَ غَيْرَهُ بِالسُّؤَالِ

আরবী

عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ قَالَ: كُنْتُ رَجُلًا مَذَّاءً، فَأَمَرْتُ الْمِقْدَادَ بْنَ الْأَسْوَدِ أَنْ  
يَسْأَلَ النَّبِيَّ فَسَأَلَهُ، فَقَالَ فِيهِ الْوُضُوءُ. (بخاری: ۱۰۸)

বাংলা

১০৮) আলী বিন আবু তালিব (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ আমার অধিক পরিমাণে মযী নির্গত হত। আমি মিকদাদ বিন আসওয়াদ (রাঃ) কে বললাম তিনি যেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এর হুকুম জিজ্ঞেস করেন। তাই তিনি জিজ্ঞেস করলেঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ মযী নির্গত হলে অযু করতে হবে।

টিকাঃ যৌন উত্তেজনার সময় পুরুষাঙ্গ থেকে প্রাথমিকভাবে যে পাতলা পানি বের হয় তাকে মযী বলে। ইহা ‘ওদী’ ধাতুর মত নাপাক। যা রোগের কারণে প্রশ্রাবের পূর্বাপর নির্গত হয়। তবে এ থেকে পবিত্রতা হাসিল করার জন্য শুধু অযু করতে হবে। শরীর বা জামায় লাগলে অবশ্যই ধৌত করতে হবে। পক্ষান্তরে মনি যা দফায় দফায় সবেগে নির্গত হয়, তা পবিত্র। কিন্তু তা নির্গত হলে অবশ্যই গোসল করতে হবে। তবে ওয়র বশতঃ বড় নাপাকি থেকে পবিত্রতা অর্জনের নিয়তে তায়াম্মুম করলেও চলবে।

## English

Whosoever felt shy (to ask something) and then requested another person to ask on his behalf

Narrated `Ali:

I used to get the emotional urethral discharge frequently so I requested Al-Miqdad to ask the Prophet (ﷺ) about it. Al-Miqdad asked him and he replied, "One has to perform ablution (after it)."

ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ১৩৪

ইসলামিক সেন্টারঃ ১২৯

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88804>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন